দৈনিক ইত্তেফাক

তাং ... 17 NOV 1990
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬

64

# শিক্ষকদের নয়া জোট ঃ সম্মিলিত শিক্ষক আন্দোলন

( ইত্তেফাক রিপোর্ট )

শিক্ষা প্রতিষ্ঠান অধ্যাদেশ বাতিল, শিক্ষকদের পেশাগত মর্যাদা রক্ষা এবং চলমান আন্দো-

(১১শ পৃঃ দ্রঃ)

## শিক্ষকদের নয়া

(১ম পৃঃ পর)

লন সফল করার লক্ষ্যে গতকাল (শুক্রবার) ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লাব ভবনে সর্বস্তরের শিক্ষক সংগঠনের এক যৌথ সভায় 'সম্মিলিত শিক্ষক আন্দোলন' নামে শিক্ষকদের একটি নয়া জোট গঠন করা হইয়াছে। ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ইয়াজউদ্দিন আহমেদ এই নয়াজোটের আহ্বায়ক মনোনীত হইয়াছেন।

সভায় বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশন ঘোষিত সকল কর্মসূচীর প্রতি একাত্মতা প্রকাশ করা হয়। সভায় সিদ্ধান্ত অনুযায়ী ২৮শে নভেম্বর সকল শিক্ষাপ্রতিষ্ঠানে পূর্ণ দিবস কর্মবিরতি পালন ও কালোব্যাজ ধারণ করা হইবে।

সম্মিলিত শিক্ষক আন্দোলন ষ্টিয়ারিং কমিটির অন্যান্য সদস্য হইলেন : মোঃ নুরুল আমিন বেপারী (ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি), ম, আখতারুজ্জামান প্রফেসর এ, এন রাশেদা (কলেজ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি), মোঃ বদরুদ্দিন হাওলাদার (সহকারী শিক্ষক সমিতি), এম, শরিফুল ইসলাম (বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতি), নজরুল ইসলাম (বাংলাদেশ শিক্ষক সমিতি), ডঃ মোহাম্মদ শহীদুল্লাহ তালুকদার (কৃষি বিশ্ববিদ্যালয় শিক্ষক পরিষদ), ডঃ আলাউদ্দিন আহমেদ (জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি), এম, এ জলীল (জাতীয় শিক্ষক সমিতি ফেডারেশন), ফজলুর রহমান (প্রাথমিক শিক্ষক সমিতি), খলিলুর রহমান (কলেজ শিক্ষক সমিতি) ও আবুল কাশেম (জাতীয় শিক্ষক সমিতি ফেডারেশন)।